

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং ৪৫.১৪১.০০৫.০০.০০৩.২০১৩-

তারিখ: ২১.০৭.২০১৫ খ্রি:

### পরিপত্র

**বিষয়: সরকারি হাসপাতালসহ সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানে চিকিৎসকদের উপস্থিতি নিশ্চিতকরণ।**

সূত্র: স্বাপকম স্মারক নং ৪৫. ১৪১. ০০৬. ০০. ০০১. ২০১৩-২০, তারিখ: ১৫.০১.২০১৪ খ্রি।

দেশের সকল নাগরিকের জন্য স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণের ক্ষেত্রে চিকিৎসকদের কর্মসূলে উপস্থিতি অপরিহার্য ও অত্যাবশ্যক। জাতীয় স্বাস্থ্যনীতি, ২০১১ এবং গত ০৭.০৭.২০১৫ তারিখে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর সভাপতিতে অনুষ্ঠিত সভায় চিকিৎসকসহ স্বাস্থ্য সেবাকৰ্মীর উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে কঠোর নির্দেশনা প্রদান করা হয়েছে। সম্প্রতি মন্ত্রণালয়ের কর্মকর্তা কর্তৃক টেলিফোন ও ওয়েবসাইটে ইলেক্ট্রনিক হাজিরা পরিবীক্ষণ এবং সরেজমিন স্বাস্থ্য সেবাদানকারী প্রতিষ্ঠান পরিদর্শনে পরিলক্ষিত হয় যে, হাসপাতালসহ অনেক স্বাস্থ্যসেবা কেন্দ্রে কোন কোন চিকিৎসক অনুমোদিতভাবে অনুপস্থিত থাকছেন। ঢাকার বাইরে বিশেষত: প্রত্যন্ত অঞ্চলে কোন কোন স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে এখরনের অনুপস্থিতি অধিকহারে পরিলক্ষিত হচ্ছে। মন্ত্রণালয় কর্তৃক পরিবীক্ষণ ও পর্যবেক্ষণকালে আরও প্রতীয়মান হয় যে, স্বাস্থ্য সেবাদানকারী প্রতিষ্ঠানে কোন কোন চিকিৎসক নির্ধারিত সময়ের পরিবর্তে বিলম্বে কর্মসূলে উপস্থিত হচ্ছেন, অফিস সময়ে কর্মসূলের বাইরে থাকছেন এবং নির্ধারিত সময়ের পূর্বে কর্মসূল ত্যাগ করছেন। এতে স্বাস্থ্য সেবা প্রত্যাশী সাধারণ নাগরিকের সেবা প্রাপ্তি বিলম্বিত হচ্ছে এবং সরকারের সুব্রত, ন্যায্য ও কার্যকর স্বাস্থ্য সেবা ব্যবস্থাপনার ক্ষেত্রে ব্যাধাত সৃষ্টি হচ্ছে।

২। চিকিৎসকদের কর্মসূলে অনুমোদিত অনুপস্থিতি অনাকাঙ্খিত, অনভিপ্রেত ও অগ্রহণযোগ্য। সরকারি কর্মকর্তার এ ধরনের প্রবণতা কর্মকর্তা ও স্বাস্থ্য প্রতিষ্ঠানের জন্য অত্যন্ত অর্মাদাকর ও ভাবমূর্তি ক্ষুম্ভকারী। চিকিৎসকদের অনুমোদিত অনুপস্থিতির বিষয়টি সরকার গুরুতরে সাথে পরিষ্কা ও পর্যালোচনা করছে। সারাদেশে গ্রামীণ, প্রাচীক জনগোষ্ঠীসহ সকল নাগরিকের জন্য স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণে চিকিৎসকদের উপস্থিতি বাধ্যতামূলক করে নিয়োজ্ঞ নির্দেশনা প্রদান করা হল:

- ২.১: হাসপাতালসহ দেশের সকল সরকারি স্বাস্থ্য সেবাদানকারী প্রতিষ্ঠানে কর্মরত চিকিৎসকসহ সকল স্বাস্থ্য সেবাদানকারীকে আবশ্যিকভাবে কর্মসূলে উপস্থিত থাকতে হবে। সরকার কর্তৃক নির্ধারিত সময়ে তাকে কর্মক্ষেত্রে অবস্থান করতে হবে এবং স্বাস্থ্য সেবাদান ও ব্যবস্থাপনায় তার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- ২.২: স্বাস্থ্য সেবাদানকারী প্রতিষ্ঠানে তত্ত্বাবধানকারী কর্মকর্তাগণ তাঁর আওতাধীন চিকিৎসকসহ স্বাস্থ্যকর্মীর উপস্থিতি নিশ্চিত করবেন। তত্ত্বাবধানকারী কর্মকর্তাগণ তাঁর আওতাধীন চিকিৎসকদের অনুমোদিত অনুপস্থিতি, বিলম্বে আগমন এবং সময়ের পূর্বে কর্মসূল ত্যাগ ইত্যাদি বিষয় নিয়মিত পরিষ্কা করবেন। স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে চিকিৎসকসহ স্বাস্থ্যকর্মীর অনুমোদিত অনুপস্থিতির ক্ষেত্রে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ৮৫ মোতাবেক এবং প্রযোজ্য ক্ষেত্রে সরকারি কর্মচারি (কর্মসূলে নিয়মিত উপস্থিতি) বিধি, ৮২ এর বিধান অনুসরণে ব্যবস্থা গ্রহণ করতে হবে। অনুমোদিত অনুপস্থিতির ক্ষেত্রে অনুপস্থিত স্বাস্থ্যকর্মীর সাথে তত্ত্বাবধানকারী কর্মকর্তাগণও দায়বদ্ধ থাকবেন।
- ২.৩: মন্ত্রণালয় থেকে ইতোপূর্বে ২৬-০৪-২০১৫ তারিখে জরিকৃত স্মারকে চিকিৎসা ও জরুরি কারণ ব্যৱস্থা অর্জিত ছুটিকে নিরুৎসাহিত করা হয়েছে। নৈমিত্তিক ছুটির আবেদন মণ্ডলীর পূর্বে আবেদন করে কোন কর্মকর্তা কর্মসূল ত্যাগ/পরিহার করতে পারবেন না। অতি জরুরি কারণ ব্যৱস্থা অর্জিত ৫ দিনের বেশি একটানা নৈমিত্তিক ছুটি প্রদান করা যাবে না।
- ২.৪: স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে চিকিৎসকদের ইলেক্ট্রনিক হাজিরা নিশ্চিতকরণে বায়োমেট্রিক মেশিনে ইলেক্ট্রনিক উপস্থিতিতি প্রদান করতে হবে।
- ২.৫: কর্মসূলে অনুমোদিত অনুপস্থিতির কারণে শৃঙ্খলামূলক ব্যবস্থা গৃহীত হলে প্রদত্ত শাস্তি ছাড়াও চিকিৎসকের মাতোক্তোর কোস ও বিদেশ প্রশিক্ষণের ক্ষেত্রে অনুমোদিত অনুপস্থিতির নিরীখে বিষয়টি বিবেচনা করা হবে।

৩। উপর্যুক্ত নির্দেশনাসমূহ পালনে অবহেলা ও গাফেলতি পরিলক্ষিত হলে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় থেকে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। জনস্বার্থে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই পরিপত্র জারি করা হল এবং অবিলম্বে এটি কার্যকর হবে।

স্বাক্ষরিতঃ-

২২.০৭.২০১৫ খ্রি:

(বাসুদেব গাঙ্গুলী)

অতিরিক্ত সচিব (প্রশাসন)

নং ৪৫.১৪১.০০৫.০০.০০.০০৩-১০১৩-১৫৫

তারিখ: ২২.০৭.২০১৫ খ্রি।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

**কার্যালয়ে (জেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
৩. যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. যুগ্মপ্রধান (পরিকল্পনা অনুবিভাগ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. সিমিয়র সহকারী সচিব/সিমিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭. বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য/পরিবার পরিকল্পনা, (সকল)----- বিভাগ।
৮. সিভিল সার্জিন (সকল)----- জেলা (উপজেলা স্বাস্থ্য ও পরিকল্পনা কর্মকর্তাগণকে অবহিতকরণের অনুরোধসহ)।

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. সিস্টেম এনলিস্ট, কম্পিউটার সেল, স্বাপকম, (পরিপত্রিত মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৪৪/২ ২২৭।২৫  
(ফাতেমা রহিম তীনা)  
উপ-সচিব  
ফোনঃ ৯৫৪০৩৬২  
ই-মেইল-[monitor@mohfw.gov.bd](mailto:monitor@mohfw.gov.bd))